

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ১৩১৯

মুসনাদে আলী ইবনে আবি তালিব (রাঃ) [আলীর বর্ণিত হাদীস] (مسند علي بن أبي طالب)

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ، حَدَّثَنِي أَبُو عَبْدِ الرَّحْمَنِ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ إِسْحَاقَ الْقُرَشِيِّ، عَنْ سَيَّارِ أَبِي الْحَكَمِ، عَنْ أَبِي وَائِلٍ، قَالَ: أَتَى عَلِيًّا رَضِيَ اللَّهُ عَنْهُ رَجُلٌ، فَقَالَ: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ، إِنِّي عَجَزْتُ عَنْ مَكَاتِبَتِي فَأَعْنِي. فَقَالَ عَلِيٌّ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَلَا أَعْلَمُكَ كَلِمَاتٍ عَلَّمْنِيهِنَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، لَوْ كَانَ عَلَيْكَ مِثْلُ جَبَلٍ صَيْرَ دَنَانِيرَ لَدَاهُ اللَّهُ عَنكَ، قُلْتُ: بَلَى. قَالَ: قُلْ: "اللَّهُمَّ اكْفِنِي بِحَلَالِكَ عَنْ حَرَامِكَ، وَأَغْنِنِي بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ"

ইসনাদে ضعيف لضعف عبد الرحمن بن إسحاق: وهو أبو شيبة الواسطي الأنصاري، وقول أحد الرواة في هذا الحديث في نسبه "القرشي" وهم، فإن عبد الرحمن بن إسحاق القرشي لا يروي عن سيار أبي الحكم ولا يروي عنه كذلك أبو معاوية محمد في بن خازم الضرير. أبو وائل: هو شقيق بن سلمة وأخرجه الترمذي (3563)، والبزار (563)، والحاكم 1/538 من طرق عن أبي معاوية، بهذا الإسناد. وقال الترمذي: حسن غريب، وصحح إسناده الحاكم ووافقه الذهبي جبل صير: هو جبل بأجأ في ديار طيء، فيه كهوف شبه البيوت

বাংলা

১৩১৯। এক ব্যক্তি আলী (রাঃ) এর নিকট এসে বললো, হে আমীরুল মুমিনীন, আমি আমার মনিবের দাসত্ব থেকে মুক্তি পাওয়ার জন্য প্রতিশ্রুত মুক্তিপণ যোগাড় করতে পারছি না। আমাকে সাহায্য করুন। আলী (রাঃ) বললেন,

আমি কি তোমাকে এমন একটি দু'আ শিখিয়ে দেব, যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে শিখিয়েছেন এবং যা পড়লে পাহাড় সমান ঋণও আল্লাহ পরিশোধ করে দেবেন? তা হচ্ছেঃ

اللَّهُمَّ اكْفِنِي بِحَلَالِكَ عَنْ حَرَامِكَ، وَأَغْنِنِي بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ

অর্থাৎ হে আল্লাহ, আমাকে তোমার হালাল সম্পদ দিয়ে তোমার হারাম সম্পদ থেকে বিমুখ করে দাও এবং তোমার অনুগ্রহ দ্বারা আমাকে তুমি ব্যতীত অন্য সবার মুখাপেক্ষিতা থেকে মুক্তি দাও। [তিরমিযী-৩৫৬৩]

ফুটনোট

[ইমাম হাকেম, ইমাম যাহবী ও শায়খ আলবানীসহ অনেক মুহাদ্দিস হাদিসটিকে সহীহ সাব্যস্ত করেছেন]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67866>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন